

**বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ এর তৃতীয় আসর**  
**চ্যাম্পিয়নশিপের নিয়মাবলী**

- ১। অংশগ্রহণকারী প্রত্যেক খেলোয়াড়কে অবশ্যই উল্লেখিত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হতে হবে।
- ২। প্রতিটি ডিসিপ্লিনে শীর্ষ তিনজন বিজয়ী যথাক্রমে গোল্ড, সিলভার ও ব্রোঞ্জ পদক পাবে। উক্ত পদকসমূহের মান যথাক্রমে ৫, ৩ ও ১; যা বিশ্ববিদ্যালয়ের টোটাল পয়েন্টের সাথে যোগ হবে।
- ৩। চ্যাম্পিয়নশিপের ফাইনাল শেষে চূড়ান্ত পয়েন্ট তালিকায় সর্বাধিক পয়েন্ট অধিকারী বিশ্ববিদ্যালয়কে সেরা বিশ্ববিদ্যালয় ঘোষণা করা হবে।
- ৪। বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপের টেকনিকাল কমিটি প্রণীত বাইলজ অনুযায়ী খেলা গুলো পরিচালিত হবে।
- ৫। বিশেষ কারন বশতঃ আয়োজক কমিটি কতৃক গঠিত টেকনিকাল কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নিয়মাবলীতে পরিবর্তন হতে পারে।
- ৬। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকল ক্রীড়াবিদকে আয়োজকদের পক্ষ থেকে টি শার্ট প্রদান করা হবে, যা খেলায় অংশগ্রহণের সময় বাধ্যতামূলকভাবে পরিধান করতে হবে।
- ৭। প্রতিযোগিতার সকল পর্যায়ে খেলা পরিচালনার দায়িত্বে থাকা ম্যাচ অফিশিয়ালবৃন্দ ও টেকনিকাল কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ৮। এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য কোন নিবন্ধন ফি নেই। এছাড়াও ক্রীড়াবিদ এবং দলের সঙ্গে থাকা কোচ-ম্যানেজারদের জন্য পানীয়সহ আনুষঙ্গিক দ্রব্যাদি সরবরাহের যথোপযুক্ত ব্যবস্থা থাকবে। তবে পরিবহন ও আবাসিক ব্যবস্থা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নিজ দায়িত্বে করতে হবে।
- ৯। সম্পূর্ণ নিবন্ধন প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন করতে হবে।
- ১০। অংশগ্রহণে ইচ্ছুক সকল শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কতৃক স্বাক্ষরিত প্রমানপত্র খেলা শুরুর পূর্বে জমা দিতে হবে।
- ১১। অংশগ্রহণকারী খেলোয়াড়দের বয়সের সময়সীমা টুর্নামেন্ট শুরুর তারিখে সর্বোচ্চ ২৭ বছর। শিক্ষার্থীদের বয়স প্রমাণের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স/এসএসসি-এইচএসসি বা সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সাবমিট করতে হবে।

১২। প্রতিটি দলকে নির্ধারিত সময়ের কমপক্ষে ৬০ মিনিট পূর্বে মাঠে উপস্থিত থেকে সঠিকভাবে পূরণকৃত খেলোয়াড় তালিকা টুর্নামেন্টের টেকনিক্যাল কমিটির প্রতিনিধির নিকট অথবা রেফারি/আম্পায়ারের নিকট জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কোন দল মাঠে হাজির না হলে আম্পায়ার খেলা শুরু করার নির্ধারিত সময়ের পর সর্বোচ্চ দশ মিনিট অপেক্ষা করে খেলার সমাপ্তি ঘোষণা করতে পারবেন এবং কমিটিতে লিখিত রিপোর্ট দাখিল করবেন। এক্ষেত্রে মাঠে উপস্থিত দল পূর্ণ পয়েন্ট পাবে। তবে কোন দলের বিলম্বে আসার পেছনে বৈধ কোনো কারণ থাকলে তারা লিখিত ভাবে মাঠে উপস্থিত আম্পায়ার অথবা টুর্নামেন্টের টেকনিক্যাল কমিটির নিকট আবেদন করতে পারবেন। এক্ষেত্রে টুর্নামেন্টের টেকনিক্যাল কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

১৩। উক্ত টুর্নামেন্টে কোন দলের কোন প্রকার আপত্তি থাকলে খেলা শেষ হবার ১ ঘণ্টার মধ্যে ৩০০০ টাকা ফি প্রদান পূর্বক আবেদন পত্র জমা দিতে হবে। এ ব্যাপারে টেকনিক্যাল কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। উল্লেখ্য যে, খেলা পরিচালনা কারী ঐ দিনের ম্যাচ অফিসিয়ালদের সিদ্ধান্তের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা হবে।

১৪। ম্যাচ অফিসিয়ালদের সিদ্ধান্তের ব্যাপারে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৫। প্রাকৃতিক দুর্ভোগ ব্যাতিত অনাকাঙ্ক্ষিত কোন কারণে খেলা বন্ধ হয়ে গেলে আয়োজক কমিটি দ্বারা গঠনকৃত টেকনিক্যাল কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

১৬। কোনো খেলোয়াড় বা কর্মকর্তা কোনরূপ বিশৃঙ্খলতা সৃষ্টির চেষ্টা করলে, উক্ত খেলোয়াড় কিংবা দলের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বি: দ্র: বাইলজে উল্লেখ করা হয়নি এরূপ যেকোন প্রকার জটিলতা নিরসনে আন্তর্জাতিক নিয়মাবলী অনুসরণ করা হবে এবং টেকনিক্যাল কমিটি প্রয়োজনে টুর্নামেন্ট সংক্রান্ত যেকোনো বিষয়ে যেকোন পরিবর্তন আনয়নের অধিকার সংরক্ষণ করেন। এক্ষেত্রে, টেকনিক্যাল কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## ফুটবল ইভেন্টের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মাবলি

- ১। প্রতিটি দলে সর্বোচ্চ ১৮ জন করে খেলোয়াড় থাকবে। ম্যাচে ১১ জন করে অংশগ্রহণ করতে পারবে। ম্যাচের মধ্যে সর্বোচ্চ তিনবারে সর্বোচ্চ ৫ জন প্লেয়ার পরিবর্তন করা যাবে।
- ২। কোনো খেলোয়াড় ম্যাচে সরাসরি লাল কার্ড পেলে পরবর্তী ২ ম্যাচে সাসপেন্ডেড থাকবে এবং কোনো খেলোয়াড় ম্যাচে ২ হলুদ কার্ড পেয়ে লাল কার্ড পেলে পরবর্তী ১ ম্যাচে সাসপেন্ডেড থাকবে। রেফারির রিপোর্টের ভিত্তিতে শাস্তি বৃদ্ধি হতে পারে।
- ৩। প্রত্যেক প্লেয়ারকে অবশ্যই শিনগার্ড, বুট, শর্টস সহ খেলার পোষাক পরিধান করতে হবে।
- ৪। ছেলেদের ইভেন্ট ফাইনাল খেলার আগ পর্যন্ত ৩০+৩০=৬০ মিনিট এবং মেয়েদের ইভেন্টে ফাইনাল খেলার আগ পর্যন্ত ২০+২০=৪০ মিনিট করে হবে।
- ৫। খেলার বিজয়ী দল ৩ পয়েন্ট পাবে, পরাজিত দল কোন পয়েন্ট পাবে না। ম্যাচ ড্র হলে উভয় দল ১ পয়েন্ট করে পাবে।
- ৬। নকআউট পর্বের কোন ম্যাচ ড্র হলে সরাসরি টাইব্রেকারের মাধ্যমে বিজয়ী নির্ধারন করা হবে।
- ৭। ছেলেদের ইভেন্টে ফাইনাল ম্যাচটি ৪৫+৪৫ অর্থাৎ মোট ৯০ মিনিটের হবে এবং মেয়েদের ইভেন্টে ফাইনাল ম্যাচটি ২৫+২৫ অর্থাৎ মোট ৫০ মিনিটের হবে।
- ৮। খেলার মাঠে খেলোয়াড়দের জন্য সংরক্ষিত আসনে শুধুমাত্র সংশ্লিষ্ট ১৮ জন খেলোয়াড় ও ২ কর্মকর্তা অবস্থান করতে পারবেন।